

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন

১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd



২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	২১ ডিসেম্বর, ২০২০ খ্রি.
সময়	:	বেলা ০৩:০০ ঘটিকা
সভার স্থান	:	পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) মহোদয়ের অফিস কক্ষ।
সভাপতি	:	জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ টিম, ডিএফপি, ঢাকা।

১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সেলিনা আকতার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২০-২০২১ অর্থবছরের এপিএ'র অগ্রগতি পর্যালোচনা এবং কর্মসম্পাদন সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য করণীয় বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৩.১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী চলতি অর্থবছরে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে চার কোয়ার্টারে চারটি মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে প্রথম কোয়ার্টারে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় কোয়ার্টারে আরেকটি সভা নির্দিষ্ট সময়ের মধ্যে আয়োজনের বিষয়ে জরুরীভাবে উদ্যোগ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩.২) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে বছরে চারটি সভা আহ্বান করে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এর মধ্যে কোন সভা অনুষ্ঠিত না হওয়ায় দ্বিতীয় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) এ ন্যূনতম একটি সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়। অর্থবছরের বাকী সময়ে আবশ্যিকভাবে সার্বিক লক্ষ্যমাত্রা পূরণে সচেষ্ট থাকার বিষয়ে সিদ্ধান্ত হয়।

(৩.৩) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের নিয়ে বছরে চারটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে কোন সভা অনুষ্ঠিত হয়নি। তাই অর্থবছরের বাকী সময়ের মধ্যে সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

৪.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১২/২০২০

মোহাম্মদ আলী সরকার
পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)
ও
এপিএ টিম লিডার।

নং-১৫.৫৭.০০০০.০০১.২০.০০১.২০(অংশ-২).

তারিখ: _____
শেখ, ১৪২৭
ডিসেম্বর, ২০২০

বিতরণ কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ০১। জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৩। জনাব ইসরাত জাহান, উপপরিচালক (প্রকাশনা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৪। জনাব ডায়ানা ইসলাম সিমা, সম্পাদক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৫। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন), সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৬। জনাব মো. আব্দুছ হালেক বসুনীয়া, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৭। জনাব মো. জাকির হোসেন, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৮। জনাব আল মামুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএফপি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। ওয়েবসাইট/ অফিস কপি।

১৬/১২/২০২০

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)
ও
এপিএ ফোকাল পয়েন্ট।